



মঙ্গলবার জাতীয় প্রেসক্লাবে গণবিশ্ববিদ্যালয়ের এক সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখছেন অধ্যাপক জিল্লুর রহমান সিদ্দিকী —সংবাদ

গণবিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীরা হাইডেলবার্গে পড়াশোনা ও গবেষণার সুযোগ পাবেন

নিম্নে বার্তা পরিবেশক : জার্মানির হাইডেলবার্গ বিশ্ববিদ্যালয়ের সঙ্গে বাংলাদেশের গণবিশ্ববিদ্যালয়ের একটি শিক্ষা সহযোগিতা চুক্তি সই হয়েছে। এ চুক্তির অধীনে গণবিশ্ববিদ্যালয়ের মেডিক্যাল ফিজিওলজি বিভাগের ছাত্রছাত্রী ও শিক্ষকরা হাইডেলবার্গ বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন ও গবেষণার সুযোগ পাবেন। এছাড়াও শিক্ষা সরঞ্জাম, মেডিক্যাল সরঞ্জাম, পাঠ্যপুস্তক, শিক্ষাক্রমসহ বিভিন্ন ক্ষেত্রে হাইডেলবার্গ বিশ্ববিদ্যালয়ের কাছ থেকে সহযোগিতা পাবে গণবিশ্ববিদ্যালয়।

মঙ্গলবার জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনে গণবিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক জিল্লুর রহমান সিদ্দিকী একথা জানান। সম্মেলনে আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা ডা. জাফরউল্লাহ চৌধুরী, মেডিক্যাল ফিজিওলজি বিভাগের সভাপতি ড. নুরুল ইসলাম, বায়ো ইঞ্জিনিয়ারিং বিভাগের ড. শহীদুল্লাহ প্রমুখ।

সম্মেলনে ডা. জাফরউল্লাহ চৌধুরী জানান, ক্যালারসহ বেশকিছু ছাটল রোগ থেকে নিরাময়ের ক্ষেত্রে মেডিক্যাল ফিজিওলজি গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে থাকেন। তারা রোগের মাত্রা ও তীব্রতা নির্ণয় করেন। বাংলাদেশে বিভিন্ন হাসপাতালে ৭০ জন মেডিক্যাল ফিজিওলজিস্টের পদ থাকলেও দেশে মেডিক্যাল ফিজিওলজি পড়ার কোনও প্রতিষ্ঠান ছিল না। এ শূন্যতা পূরণের লক্ষ্যে গত বছর গণবিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর পর্যায়ে মেডিক্যাল ফিজিওলজি ও বায়ো ইঞ্জিনিয়ারিং বিভাগ খোলা হয়েছে।

অধ্যাপক জিল্লুর রহমান সিদ্দিকী জানান, গত ছুনে সইকৃত চুক্তি অনুযায়ী মেডিক্যাল ফিজিওলজি বিভাগের ছাত্রছাত্রীরা একটি সেমিস্টার জার্মানিতে গিয়ে হাইডেলবার্গ বিশ্ববিদ্যালয়ে পড়ার সুযোগ পাবেন। আসা-যাওয়া, থাকা-খাওয়া, টিউশন ফি সবকিছুই বহন করবে হাইডেলবার্গ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। এছাড়া তারা গণবিশ্ববিদ্যালয়ে মেডিক্যাল ফিজিওলজির একটি আধুনিক ল্যাবরেটরি গড়ে দেবে। তিনি আরও জানান, হাইডেলবার্গ বিশ্ববিদ্যালয়ের সঙ্গে হাইডেলবার্গ : পৃঃ ২ কঃ ২

হাইডেলবার্গে : সুযোগ

(১২-এর পৃষ্ঠার পর)

গণবিশ্ববিদ্যালয়ের সহযোগিতার ক্ষেত্রে ভবিষ্যতে আরও বিস্তৃত হবে।

সম্মেলনে আরও জানানো হয়, গণবিশ্ববিদ্যালয়ের সঙ্গে মার্চ মাসে জার্মানির অনহাট বিশ্ববিদ্যালয়ের একটি শিক্ষা সহযোগিতা চুক্তি সই হয়েছে। এ চুক্তি অনুযায়ী অনহাট বিশ্ববিদ্যালয় গণবিশ্ববিদ্যালয়ের বায়ো ইঞ্জিনিয়ারিং বিভাগকে বিভিন্ন সহযোগিতা প্রদান করবে।